

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়, নাটোর
www.natorec.gov.bd


নির্বাচন অগ্রাধিকার
অতীত জরুরি

নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০২.৯৯.০০৩.২৪- ৫২

তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১
২৫ মে, ২০২৪

বিষয়: ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে ভোটকেন্দ্রসমূহ ভোটগ্রহণ উপযোগীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২১ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ (২য় ধাপ) উপলক্ষ্যে লালপুর ও বাগাতিপাড়া উপজেলার পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ভোটগ্রহণের আগের দিন ও ভোটগ্রহণের দিন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অফিস কক্ষ, কমন রুম, আসবাবপত্রসহ বিভিন্ন দ্রব্যাদি ব্যবহার ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা গ্রহণের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত না হইলে প্রিজাইডিং অফিসারকে সার্বক্ষণিক সহায়তা প্রদান করবেন। প্রতিষ্ঠানের প্রধান বা সহকারী প্রধান উভয়েই ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত হলে উক্ত প্রতিষ্ঠানের যে কর্মকর্তা/শিক্ষক ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত হবেন না, তাকে উক্ত দায়িত্ব প্রদান করতে হবে। যদি কোন প্রতিষ্ঠানের প্রধানসহ সকল কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষককে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ দেয়া হয়, তাহলে অভিজ্ঞ ও দায়িত্বশীল কোন চতুর্থ শ্রেণীর কর্মচারীকে ভোটগ্রহণের আগের দিন ও ভোটগ্রহণের দিন প্রিজাইডিং অফিসারকে সহায়তা প্রদানের লক্ষ্যে দায়িত্ব প্রদান করা যাবে অথবা অন্য কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া উল্লিখিত বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং উক্ত এলাকাধীন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করা যাবে। কোনো অবস্থাতেই কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা রাজনৈতিক দলের সহায়তা গ্রহণ করা যাবে না। এ বিষয়ে ভোটগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।



(মোঃ মাহুদুর রহমান)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

ফোন: ০২৫৮৮৮৭৩৭৭৮ (অফিস)

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধান

নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০২.৯৯.০০৩.২৪- ৫২ (১০)

তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১
২৫ মে, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রশাসক, নাটোর।
৪. পুলিশ সুপার, নাটোর।
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৬. জেলা নির্বাচন কর্মকর্তা, নাটোর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, লালপুর/বাগাতিপাড়া, নাটোর ও সহকারী রিটার্নিং অফিসার [সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধানকে পত্রটি পৌছানোর অনুরোধসহ]।
৮. উপজেলা নির্বাচন কর্মকর্তা, লালপুর/বাগাতিপাড়া, নাটোর।
৯. অফিসার-ইন-চার্জ, লালপুর/বাগাতিপাড়া থানা, নাটোর।
১০. অফিস নথি।



অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪